

# ফাজিল স্নাতক ও কামিল কোর্স মাস্টার্সের সমমানের হচ্ছে

## বিশ্ববিদ্যালয় রিপোর্টার

মাদ্রাসা বোর্ডের ফাজিল কোর্সকে ডিগ্রি (স্নাতক) এবং কামিল কোর্সকে মাস্টার্সের সমমর্যাদা দেয়া হচ্ছে। সম্প্রতি মন্ত্রিপরিষদের এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। এ সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে শিপশিরই ফাজিল ও কামিল মাদ্রাসাগুলোকে কুটিরায় ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে নিয়ে যাওয়া হবে। গতকাল বাংলাদেশ আদর্শ শিক্ষক পরিষদের বার্ষিক সম্মেলনে শিক্ষা প্রতিমন্ত্রী ডা. ন. ম. এছানুজ্জামান হক মিলন ও তথা প্রকাশ করেন। সংগঠনের ঢাকা মহানগরী শাখার সভাপতি অধ্যাপক এটিএম ফজলুল হকের সভাপতিত্বে সম্মেলনে প্রধান

অতিথির বক্তব্য রাখেন জামায়াতে ইসলামীর আমীর ক্বিমত্বী মাওলানা মতিউর রহমান নিজামী। এছাড়াও জামায়াত নেতা দেলাওয়ার হোসাইন সাঈদী এমপি, শিক্ষা সচিব শহীদুল আলম, অধ্যাপক শরিফুল ইসলাম, এটিএম আজাহারুল ইসলাম, অধ্যাপক আবদুর রব, অধ্যাপক মোহাম্মদ লোকমান, অধ্যাপক

চৌধুরী মাহমুদ হাসান, আবদুর রহিম সরকার, অধ্যাপক বায়কুল ইসলাম, অধ্যাপক মনসুরুল রহমান প্রমুখ বক্তা করেন। ক্বিমত্বী বলেন, প্রধানমন্ত্রী বেগম বলেদা জিয়া ২০০৩ সালকে 'সুশিক্ষার' বছর ঘোষণা করেছেন। প্রধানমন্ত্রীর এ ঘোষণা সম্মান : পৃষ্ঠা : ১০ কলাম : ৭

## সম্মান : ফাজিল

(৩য় পৃষ্ঠার পর)

বাস্তবায়ন শিক্ষকদের সহায়তা ছাড়া সম্ভব নয়। তিনি শিক্ষকদের ক্লাসে উপযুক্ত পাঠদান নিশ্চিত করার আহ্বান জানিয়ে বলেন, নকল ও নোটবই জাতির মেরুদণ্ড শিক্ষাকে ধ্বংস করছে। ক্লাসে পাঠদান নিশ্চিত না করতে পারলে শিক্ষার্থীদের এ দুটির কুপ্রভাব মুক্ত করা যাবে না। শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, সৌদি আরব যদি একই শিক্ষা ব্যবস্থায় ডাক্তার, ইঞ্জিনিয়ারসহ আধুনিক ও যুগোপযোগী মানবসম্পদ গড়তে পারে তাহলে আমাদের দেশে মাদ্রাসাগুলোতে কেন তা পারবে না। তিনি সত্যাস, দুর্নীতি, নৈতিক অবনয় ইত্যাদি দূরীকরণের ধর্মীয় শিক্ষার প্রদানের ওপর গুরুত্বারোপ করে বলেন, শিক্ষকদের প্রতিটি ক্লাসে কমপক্ষে ১৫ মিনিট নৈতিক অবনয়, নীতি নৈতিকতা এবং ধর্মীয় কথা বলা দরকার। জামায়াত নেতা দেলাওয়ার হোসাইন সাঈদী ড. কুমরাত-ই-বুনা শিক্ষা কমিশন বাতিলের দাবি জানান।